

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন অনুবিভাগ
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৪৫৭.৪৩.২২২.১৭-২৫৭

তারিখঃ ১৬ আগস্ট ২০২১

প্রাপকঃ জনাব মাসুদ বিন মোমেন
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ২৬-২৭ আগস্ট ২০২১ তারিখে বাংলাদেশ ও জার্মানির মধ্যে অনুষ্ঠিতব্য Strategic Dialogue-এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে জার্মানি সফরের প্রশাসনিক মঞ্জুরি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আগামী ২৬-২৭ আগস্ট ২০২১ তারিখে জার্মানির বার্লিনে বাংলাদেশ ও জার্মানির মধ্যে অনুষ্ঠিতব্য Strategic Dialogue- এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে অংশগ্রহণ করতে আপনার অনুকূলে জার্মানি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উক্ত সফর নিম্নলিখিত শর্তে সম্পন্ন করতে হবেঃ

ক) উক্ত সফরের নিমিত্ত আপনি ২৫ আগস্ট ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে জার্মানির উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৮ আগস্ট ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে জার্মানি ত্যাগ করবেন;

খ) সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন-ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

গ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;

ঘ) সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেটের অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(মোঃ সামাউন খালিদ)

সহকারী সচিব

ফোনঃ ৪৭১১০৬৪৬

ইমেইলঃ aseurope@mofa.gov.bd

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ০১। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ০২। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম ইউরোপ ও ইউইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, বার্লিন।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৭। অফিস কপি।

Shalib
২৬/০৮/২১

(মোঃ সামাউন খালিদ)

সহকারী সচিব